কক্সবাজার রিসোর্টে আগুন, পাঁচ পর্যটকের মরদেহ উদ্ধার



ছবি: সংগৃহীত

কক্সবাজারের ইনানীতে একটি রিসোর্টে অগ্নিকাণ্ডের ঘটনায় পাঁচজনের মরদেহ উদ্ধার করেছে ফায়ার সার্ভিস। নিহত ব্যক্তিরা পর্যটক বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। এ ঘটনায় হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

শনিবার (১৭ অক্টোবর) সকাল ৭টার দিকে মেরিন ড্রাইভের পাটোয়ারটেক সমুদ্রসৈকত এলাকায় টুপটুপ রেস্টুরেন্ট অ্যান্ড রিসোর্টে আগুন লাগে। এতে রিসোর্টটি পুড়ে ছাই হয়ে গেছে।

ফায়ার সার্ভিসের জ্যেষ্ঠ কর্মকর্তা দোলন আচার্য ঘটনাস্থল থেকে পাঁচটি মরদেহ উদ্ধারের তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, নিহত ব্যক্তিরা পর্যটক বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। মৃতের সংখ্যা আরও বাড়ার আশঙ্কা রয়েছে।

ফায়ার সার্ভিস সূত্রে জানা গেছে, সকাল ৮টার দিকে তিনটি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। সকাল ১০টার দিকে আগুন নিয়ন্ত্রণে আসে। এরপরও ঘটনাস্থলে উদ্ধার অভিযান চলছিল।

অগ্নিকাণ্ডের সময় রিসোর্টটিতে প্রায় ৩০ জন অবস্থান করছিলেন বলে জানা গেছে। তাঁদের মধ্যে চার থেকে পাঁচজন বের হতে সক্ষম হন। বাকিদের অবস্থান ও বর্তমান পরিস্থিতি সম্পর্কে তাৎক্ষণিকভাবে নিশ্চিত হওয়া যায়নি। এদিকে আগুন লাগার পর রিসোর্ট কর্তৃপক্ষের সবাই সেখান থেকে পালিয়ে গেছেন বলে জানা গেছে।